

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবি ও তুরস্কের অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ের মধ্যে  
প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ের (OSTİM Teknik Üniversitesi) প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আজ বুধবার (০৭ মে ২০২৫) ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন রেক্টর মুরাত ইউলেক।

এ সময় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবি এবং তুরস্কের অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত এ চুক্তি ভবিষ্যতে দুই বিশ্ববিদ্যালয়ের এগিয়ে যাওয়াকে ত্বরান্বিত করবে। শিক্ষা, গবেষণা ও প্রযুক্তিগত সহযোগিতার ক্ষেত্রে এ ধরনের চুক্তি অত্যন্ত সহায়ক হবে বলে আমার বিশ্বাস। বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমাদের এক্সেস প্রোগ্রাম যত বেশি হবে শিক্ষার্থীদের লার্নিং সক্ষমতাও ততটাই বাড়বে। নোবিপ্রবিকে উন্নত বিশ্বের বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে সমতালে এগিয়ে নিতে ইউরোপ এবং এশিয়ার অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গেও আমরা এ ধরনের চুক্তি সম্পাদন করবো। আমি এর সফলতা কামনা করছি।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুর হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবী, নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশান ও কো-অপারেশন সেন্টারের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান সিদ্দিকী ও বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী বিনিময়, স্টাফ প্রশিক্ষণ ও টেকনিক্যাল কোলাবোরেশনের বিষয়ে সমঝোতা হয়েছে।

প্রসঙ্গত, এর আগে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এবং তুরস্কের অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ের রেক্টর মুরাত ইউলেক এর মাঝে গত ১৮ এপ্রিল ২০২৫ এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।



ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪



ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪